

২২ Nym

## জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা সমাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল চ্যাম্পিয়ন

স্টাফ রিপোর্টার : জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল চ্যাম্পিয়ন হয়েছে। বিটিভির আয়োজনে বঙ্গবন্ধুপি অনুষ্ঠিত জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতার ফাইনাল সম্মতি রামপুরাছ বিটিভি ভবন অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় জগন্নাথ হল-হাজী মুহম্মদ মহসীন হলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। তৃতীয় ও চতুর্থ স্থান অধিকার করে রোহেমা হল ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী চূড়ান্ত প্রতিযোগিতার সভাপতি হিসেবে অনুষ্ঠানটি পরিচালনা করেন।

ন্যাশনাল ডিবেট ফেডারেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ অনুষ্ঠানটি নির্দেশনা দেন। প্রতিযোগিতায় বিতর্কের বিষয় ছিল 'দারিদ্র মুক্ত বাংলাদেশই হোক মুক্তিযুদ্ধের চেতনার অঙ্গীকার'। চ্যাম্পিয়ন দলের ভার্সিক ছিলেন উত্তম রায়, অর্নিমেষ কর ও রাজীব সরকার। রানার আপ মুহসীন হলের ভার্সিক ছিলেন মোঃ এনামুল কবির, শেখ আশিক ইকবাল ও মোঃ মাসুদুর রহমান। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজ অভিনন্দন জানান। তিনি শিক্ষার্থীদের মুক্তি অলোয় আন্দোলিত হয়ে সুনামগরক হিসেবে প্রতিষ্ঠা লাভের জন্য আহ্বান জানান। অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, আমাদের মুক্তিযুদ্ধের চেতনা শুধুমাত্র দারিদ্রতার



জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন জগন্নাথ হল ও রানার আপ দল মুহসীন হলের ভার্সিকদের সঙ্গে শিক্ষাবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, মনোজ সেন ও ডানে প্রতিযোগিতার নির্দেশক হাসান আহমেদ চৌধুরী কিরণ

ওপরই সীমাবদ্ধ নয়। বরং এটি সামাজিক, রাষ্ট্রীয় ও পারিপার্শ্বিক অনেকগুলো বিষয়ের ওপর নির্ভর করে। তিনি মেধাবী ভার্সিকদের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সুনামগরক হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান। প্রতিযোগিতার নির্দেশক হাসান আহমেদ চৌধুরী কিরণ মুক্তি চর্চা বিটিভি দীর্ঘদিন ধরে লালন করে আসার জন্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বিটিভির উপ-সহপরিচালক কামরুন্নেসা হাসান, জেনারেল ম্যানেজার শেখ রিয়াজ উদ্দিন বাদশা, প্রযোজক মনোজ সেন ও এসহ সংশ্লিষ্ট সকলকে প্রতিযোগিতায়

সহযোগিতা ও তত্ত্বাবধানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, বিটিভি দীর্ঘদিন ধরে এই বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের মধ্যদিয়ে সকলকে পরম সহিষ্ণু ও গণতন্ত্র মনস্ত করতে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। চূড়ান্ত প্রতিযোগিতায় বিচারক হিসেবে ছিলেন অধ্যাপক আতিকুর রহমান, রাশিদ উন নবী, ফাদার বকুল সোজারিও সিএসসি, কামরুল ইসলাম এফসিএ ও অধ্যাপক রফিকুল ইসলাম। এদিকে জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় জগন্নাথ হল চ্যাম্পিয়ন হওয়ার ক্যাম্পাসে এক বিশাল আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়।